গাংনীতে নিষিদ্ধ জঙ্গী সংগঠন আল্লাহর দল’র দুই সদস্য গ্রেফতার

মেহেরপুরের গাংনীতে সরকার ঘোষিত নিষিদ্ধ জঙ্গী সংগঠন আল্লাহর দল’র দুই সদস্যকে গ্রেফতার করেছে র্যাব। গত শনিবার বিকাল ৫ টায় পৌর শহরের বাঁশবাড়িয়া বাজার থেকে তাদের গ্রেফতার করে র্যাব ১২ এর সদস্যরা।

র্যাব জানায়, মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের খোকসা গ্রামের মজিরুল ইসলামের ছেলে মহিদুল ইসলাম (৩৪) ও একই গ্রামের আব্দুস সালামের ছেলে পাপন মোল্লা (২৭) গাংনী পৌর এলাকার বাঁশবাড়িয়া বাজারে অবস্থান করছে এমন সংবাদের ভিত্তিতে র্যাব-১২ এর অধিনায়ক লে: কর্ণেল মুহাম্মদ খায়রুল ইসলাম (পিএসসি) এবং সদর কোম্পানীর ভারপ্রাপ্ত কোম্পানী কমান্ডার, (মিডিয়া অফিসার) সহকারী পুলিশ সুপার মো: এরশাদুর রহমান এর নেতৃত্বে র্যাব সদস্যরা তাদের গ্রেফতার করে। এসময় তাদের কাছ থেকে ০৩টি উগ্রবাদী জিহাদী বই, ১১ টি জিহাদী লিফলেট উদ্ধার করা হয়।

সদর কোম্পানীর ভারপ্রাপ্ত কোম্পানী কমান্ডার, (মিডিয়া অফিসার) সহকারী পুলিশ সুপার মো: এরশাদুর রহমান জানান,গ্রেফতারকৃতরা দীর্ঘদিন যাবত মেহেরপুর জেলায় সরকার ঘোষিত নিষিদ্ধ জঙ্গী সংগঠন “আল্লাহর দল” এর কাজের সাথে লিপ্ত আছে। তারা নতুন সদস্য সংগ্রহ, তাদের মাঝে লিফলেট বিতরণ ও নিয়মিত চাদাঁ প্রদান করে থাকে।

তাদের বিরুদ্ধে মেহেরপুর জেলার গাংনী থানায় সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী-২০১৩) এর ৬(২) এর (ই), (ঈ) ১০/১২/১৩ ধারায় মামলা দায়ের করা হয়েছে। এছাড়া উদ্ধারকৃত আলামতসহ তাদের থানায় হস্তান্তর করা হয়েছে।

গাংনীতে স্বেচ্ছাসেবী সংগঠন অনুপ্রেরণার ৪র্থ প্রতিষ্ঠাবার্ষিকী পালন

মেহেরপুরের গাংনীতে স্বেচ্ছাসেবী সংগঠন অনুপ্রেরণার ৪র্থ প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে।

গতকাল রবিবার দুপুর ২ টায় উপজেলার তেঁতুলবাড়ীয়া ইউনিয়নের করমদি পশ্চিমপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয় চত্বরে কেককাটা ও আলোচনা সভার মধ্য দিয়ে প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অনুপ্রেরণা সংগঠনের সভাপতি আসাদুল্লাহ আল গালিব। এসময় বক্তব্য রাখেন জোতি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মতিয়ার রহমান, সাবেক ছাত্রলীগ নেতা মঞ্জুরুল ইসলাম স্বপন, আমিরুল ইসলাম অল্ডাম। অনুষ্ঠান সঞ্চালনা করেন সাংবাদিক সাহাজুল ইসলাম সাজু।

এসময় স্বেচ্ছাসেবী সংগঠন অনুপ্রেরণার সহ-সভাপতি রেজবানুল নুল কাদির, মতিউর রহমান, এম এ লিংকন, এম এন পাভেল, মিনারুল ইসলাম, রাকিবুল ইসলাম কবি, জাহিদ মাহমুদ সহ অনুপ্রেরণা ক্লাবের সকল সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

ক্লাবের সদস্যবৃন্দ জানান, অনুপ্রেরণা একটি স্বেচ্ছাসেবী সংগঠন এই সংগঠনের কর্মীরা অসুস্থ মানুষকে রক্ত দেয়া, করোনা দূর্যোগে অসহায় পরিবারে খাদ্য সামগ্রী দেয়া সহ বিভিন্ন সমাজ সেবা মুলক কর্মকান্ড চলমান রয়েছে।

এ সংগঠনের ধারাবাহিকতা রক্ষায় সকল শ্রেনী পেশার মানুষের সহযোগিতা কামনা করেছেন অনুপ্রেরণা সংগঠনের সভাপতি আসাদুল্লাহ আল গালিব সহ সদস্য বৃন্দ।

রাজনগরের গৃহবধূ বোনের বাড়ি বেড়াতে গিয়ে উধাও!

মেহেরপুর সদও উপজেলার রাজনগর গ্রামের এক গৃহবধূ বোনের বাড়ি বেড়াতে গিয়ে নিরুদ্দেশ হয়েছে।

ঘটনার বিবরণে জানা যায়, মেহেরপুর সদরের রাজনগর গ্রামে শেখপাড়ার মনসুর আলীর(৬০) দ্বিতীয় স্ত্রী শাহেদা খাতুন(৪২) গাংনী থানাধীন ধালা গ্রামে তার বড় বোন মাজেদা খাতুনের বাড়িতে স্বামী-স্ত্রী দুজনেই গত ২২ সেপ্টেম্বর সকাল আটটার দিকে বেড়াতে যায়। ওই দিনেই মনসুর আলী তার স্ত্রীকে বোনের বাড়িতে রেখে নিজ বাড়ি রাজনগর গ্রামে ফিরে আসে।

পরে তিনি জানতে পারেন যে ঐদিনই তার স্ত্রী বাড়ির কাউকে কিছু না বলে নিজের কাপড়চোপড় নিয়ে নিরুদ্দেশ হয়।

এ ব্যাপারে মুনছুর আলী মেহেরপুর সদর থানায় ৭ অক্টোবর একটি সাধারণ ডায়েরি করেছেন। যার নং ২৮৬। শাহেদা খাতুন মেহেরপুর জজকোর্টের মান্নান মুহুরীর তৃতীয় স্ত্রী।

সেই সংসারে সাহেদা খাতুনের আছে ১ ছেলে ও ১ মেয়ে। বছর দশেক আগে মুনছুর আলীর সাথে সাহেদা খাতুনের একবার বিয়ে হয়। মনমালিন্যের কারনে তখন তাদের ছাড়াছাড়ি হয়ে যায়। মান্নান মুহুরীর সংসারে থাকাকালীন আবার তারা পরকীয়ায় জড়িয়ে পড়ে মাস তিনেক আগে আবার তারা পালিয়ে বিয়ে করে।

এমতাবস্থায় গত ২২ সেপ্টেম্বর সাহেদা খাতুন বোনের বাড়ি বেড়াতে গিয়ে নিরুদ্দেশ হয়। এখনো তার কোনো হদিস পাওয়া যায়নি। ঘটনার আগের দিন স্থানীয় একটি এনজিও থেকে তিনি ৩২ হাজার টাকা ঋণ তোলেন। সেই টাকা নিয়েই তিনি নিরুদ্দেশ হয়েছেন বলে জানান মুনছুর আলী। কেউ তার সন্ধান পেলে ০১৮৮৬৫৬৫৫৯৪ এই নাম্বারে যোগাযোগের অনুরোধ জানিয়েছেন তিনি।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

বটিয়াপাড়া গ্রামের মৃত ফজলুর রহমানের ছেলে মোঃ আব্দুল মোমিন
(২৬) এর সাথে ইসলামী শরিয়া মোতাবেক বিবাহ হয়। তাদের সংসার জীবনে ৩ বছরের ফুটফুটে একটি পুত্র সন্তান জন্ম গ্রহন করে।

গত এক বছর পূর্বে বিভিন্ন বিষয় নিয়ে তাদের মধ্যে বিরোধ দেখা দেয়। সংসারে চলমান বিরোধ এমন পর্যায়ে পৌছায় যে গত নয় মাস আগে মোঃ আব্দুল মোমিন তার স্ত্রীকে পিতার বাড়ীতে তাড়িয়ে দেয়।

এমতাবস্থায় মোছাঃ রুবিনা খাতুন তার তিন বছরের সন্তান ও নিজের অসহায়ত্ব থেকে রক্ষা পেতে চুয়াডাঙ্গার পুলিশ সুপার এর নিকট একটি লিখিত অভিযোগ দায়ের করেন।

তার দায়েরকৃত অভিযোগ আমলে নিয়ে চুয়াডাঙ্গা পুলিশ সুপার উক্ত অভিযোগটি তার কার্যালয়ে অবস্থিত এবং নিজে উদ্বোধনকৃত “উইমেন সাপোর্ট সেন্টার” এ কর্মরত নারী এএসআই (নিরস্ত্র) মিতা রানী বিশ্বাস’কে দিলে তিনি উভয় পক্ষকে পুলিশ সুপারের কার্যালয়ে হাজির করেন। উইমেন সাপোর্ট সেন্টারের মাধ্যমে পুলিশ সুপার, মোঃ জাহিদুল ইসলাম এর প্রত্যক্ষ মধ্যস্থতায় তাদের মধ্যে চলমান ভুল বুঝাবুঝির অবসান হয়।

এসময় মোঃ আব্দুল মোমিন তার স্ত্রী মোছাঃ রুবিনা খাতুন ও সন্তান’কে নিয়ে পূর্বের ন্যায় সংসার করতে সম্মত হয়। এর মাধ্যমে রুবিনা ফিরে পেল তার সুখের সংসার এবং তাদের শিশু সন্তান ফিরে পেল বাবা ও মায়ের আদর স্নেহ।

কালীগঞ্জে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে তালবীজ বপন

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উপলক্ষে ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার সুন্দরপুর-দূর্গাপুর ইউনিয়ন পরিষদ কর্তৃক বিভিন্ন রাস্তার পাশে তালের বীজ বপন করা হয়।

গতকাল রবিবার তালের বীজ বপনকালে উপজেলা নির্বাহী অফিসার সূবর্ণা রাণী সাহা, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার আব্দুল্লাহ-হেল আল মাসুম, ইউপি চেয়ারম্যান মোঃ ইলিয়াছ রহমান মিঠুসহ সকল ইউপ সদস্য ও অন্যান্য জনপ্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

কালীগঞ্জে কৃষকের লাউ গাছ কেটে দিল দূর্বৃত্বরা!

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার বড় শিমলা গ্রামে এবার ২৩ শতক জমির ধরন্ত লাউ গাছ কেটে সাবাড় করেছে দূর্বৃত্তরা।

গত শনিবার দিবাগত রাতে উপজেলার ৫নং শিমলা রোকনপুর ইউনিয়নের বড় শিমলা গ্রামের নূর ইসলামের ক্ষেতে। এতে ওই কৃষকের কমপক্ষে প্রায় ২ লক্ষ টাকার ক্ষতি হয়েছে বলে দাবি করেছেন।

ভুক্তভোগী কৃষক নূর ইসলাম জানান, তিনি একজন বর্গাচাষী। শনিবার দিবাগত রাতে কে বা কারা আমার ২৩ শতক জমির ধরন্ত লাউ গাছ কেটে দিয়েছে। এতে আমার প্রায় ২ লক্ষ টাকার ক্ষতি হয়েছে। গ্রামে আমার কারো সাথে বিরোধ নেই। আমার এমন ক্ষতি করে কি লাভ হলো।

রামনগর ফুটবল টুর্নামেন্টে চাঁদপুর একাদশ জয়ী

মেহেরপুরের মুজিবনগর উপজেলার রামনগর জনকল্যান যুব সমিতির উদ্যোগে রামনগর ফুটবল খেলার মাঠে অনুষ্ঠিত রামনগর ফুটবল টুর্নামেন্টে ১ম রাউন্ডের শেষ খেলায় চাঁদপুর একাদশ জয়লাভ করেছে।

গতকাল রবিবার বিকেলে অনুষ্ঠিত খেলায় চাঁদপুর একাদশ ১-০ গোলে

চন্দ্রবাস একাদশকে পরাজিত করে। বিজয়ী দলের দলীয় ৯ নং জার্সি পরিহিত শাকিল ম্যান অফ দা ম্যাচ নির্বাচিত হন।

উক্ত খেলায় মুজিবনগর উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে খেলাটি উদ্ভোধন করেন।

এ সময় খেলা পরিচালনা কমিটির সভাপতি মোনাজাত মোল্লা, সহ সভাপতি আজিবার রহমান, সাধারণ সম্পাদক কৌশিকুল ইসলাম রুমি যুগ্ন সম্পাদক রবিউল ইসলাম, ক্রীড়া সম্পাদক হেলাল উদ্দীন, অর্থ সম্পাদক দেলোয়ার হোসেন সহ কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

খেলাটি পরিচালনা করেন বাফুফের তৃতীয় শ্রেণীর রেফারি সোহেল রানা সহকারি হিসাবে ছিলেন রাসেল এবং জাহাঙ্গীর। ধারা ভাষ্যকার হিসাবে ছিলেন শামিম শিশির। খেলা শেষে প্রত্যেক দলীয় অধিনায়কদের উপস্থিতে ২য় রাউন্ডের ওপেন ড্র অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহে বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস পালিত

‘সবার জন্য মানসিক স্বাস্থ্য, অধিক বিনিয়োগ-অবাধ সুযোগ’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস পালিত হয়েছে।

স্বাস্থ্য বিভাগের আয়োজনে রোববার সকালে সিভিল সার্জন কার্যালয়ের সামনে থেকে এ উপলক্ষে একটি র্যালী বের করা হয়। র্যালিটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে এসে শেষ হয়। পরে অনুষ্ঠিত হয় আলোচনা সভা।

এসময় ঝিনাইদহের সিভিল সার্জন ডা: সেলিনা বেগম, সদর হাসপাতালের তত্বাবধায়ক ডা: হারুন-অর-রশিদ, সিভিল সার্জন অফিসের মেডিকেল অফিসার ডা: প্রসেনজিৎ বিশ্বাস পার্থ, সিনিয়র স্বাস্থ্য শিক্ষা অফিসার ওয়াহিদুজ্জামানসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা, মানসিক স্বাস্থ্য সুরক্ষায় হতাশাগ্রস্থ ব্যক্তিদের

অবহেলা না করে তাদের পাশে দাড়াতে সকলের প্রতি আহ্বান জানান।

ঝিনাইদহে ৫ দিন ব্যাপী ইমাম প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন

ঝিনাইদহে নানামূখী প্রশিক্ষণ প্রাপ্ত ইমামদের সাথে মতবিনিময় ও ইমামদের নিয়ে ৫ দিন ব্যাপী রিফ্রেসার্স প্রশিক্ষণ কর্মশালা শুরু হয়েছে।

রোববার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ কর্মশালার উদ্বোধন করা হয়।

ঝিনাইদহের জেলা প্রশাসক সরোজ কুমার নাথ এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কর্মশালার উদ্বোধন করেন ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক আনিস মাহমুদ।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পৌরসভার মেয়র আলহাজ্ব সাইদুল করিম মিন্টু, ইসলামিক ফাউন্ডেশনের খুলনা বিভাগীয় পরিচালক শাহিন বিন জামান, ঝিনাইদহ সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বদরুদ্দোজা শুভ, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ঝিনাইদহ ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক আব্দুল হামিদ খান।

আয়োজকরা জানান, আগামী ৫ দিন জেলার ৬ উপজেলার বাছাইকৃত ২৪ জন ইমামকে জঙ্গিবিরোধী, প্রাকৃতিক দুর্যোগে করনীয় ও নিজেদের আত্মকর্মসংস্থান সৃষ্টিতে করনীয় নানা বিষয়ে প্রশিক্ষণ প্রদাণ করা হবে।